

Ex/BANGLA/PG/4.56D/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

আধুনিক নাটক ও নন্দনতত্ত্ব

কোর্স : পি.জি. - ৪.৫৬ডি

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. একজন দর্শকও নাটক দেখেন, একজন সমালোচকও নাটক দেখেন। এ দুই 'দেখা'র পার্থক্যসূত্রগুলি কী কী হতে পারে দেখিয়ে তোমার দেখা সাম্প্রতিক একটি নাটকের রিভিউ করো। ১০
২. 'ভারতীয় থিয়েটার' বলে আদৌ কিছু হয় কিনা এ নিয়ে নাট্যবিদরা একমত না হলেও আধুনিককালে ভারতীয় থিয়েটার বলে একধরনের নাট্যপ্রযোজনা হচ্ছে। নান্দীকারের জাতীয় নাট্যমেলা থেকে এই নাট্যচর্চার একটা ধারণা মেলে। এ বিষয়ে তোমার মতামত দাও। ১০
৩. উৎপল দত্ত বিশ্বাস করতেন থিয়েটারের কাজ জনসংযোগ, জনচেতনা তৈরি করা। তিনি নিজে সিনেমা ও যাত্রার পেশাদার শিল্পী ছিলেন। অপরপক্ষে, বিশ্বায়ন পরবর্তী বাংলা থিয়েটারের পরিপ্রেক্ষিতে ব্রাত্য বসু 'কোম্পানি থিয়েটার'-এর সূত্র লিখেছেন। এ দুয়ের মধ্যে কোনো বিরোধভাস তুমি খুঁজে পাও কি? আলোচনা করো। ১০

(Turn over)

(2)

৪. একেবারে এই সময়ে যে নাট্যচর্চা পশ্চিমবঙ্গে এবং কলকাতায়  
চলেছে, উৎকর্ষের বিচার করে তুমি তাদের সম্পর্কে একটি প্রতিবেদন  
লেখো। ১০
৫. নাট্যচর্চায় সংরক্ষণের প্রয়োজনীয়তা কোথায়? কী কী উপায়ে এই সংরক্ষণ  
সম্ভব? আলোচনা করো। ১০
৬. শঙ্কু মিত্র বলেছিলেন, আমাদের জন্য নয় ভাবীকালের স্বীকৃতি। তবুও  
নাটক নিয়ে গবেষণার শেষ নেই। কেমন হওয়া উচিত নাট্যকর্মের গবেষণা?  
বিশেষত মঞ্চে অভিনীত নাটক নিয়ে? তার অভিনয় নিয়ে? আলোচনা  
করো। ১০